

# বাংলাদেশ গেজেট



অভিযোগ সংখ্যা  
কঠ পক্ষ কঠ প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ৫, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি শাখা-৮

প্রজ্ঞাপন

তারিখ: ৩-১২-৯৪/১৯-৮-১৪০১

এস, আর, 'ও, নং ৩০৯-আইন/৯৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতারলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধীন মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের গহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরনামা : এই বিধিমালা এডহক ভিত্তিক নিযুক্ত কর্মচারী নিয়মিতকরণ বিধিমালা, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা : বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালা—

(ক) “এডহকভিত্তিক নিযুক্ত” অর্থ ২৫শে আনুয়ারী, ১৯৮২ হইতে ৩১শে ডিসেম্বর, ১৯৯৩ (উভয় তারিখ অস্তর্ভুক্ত) পর্যন্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের চাকুরীর কোন পদে এডহকভিত্তিক বা সম্পূর্ণ অস্তীচীভাবে নিযুক্ত।

(৫২১৭)

মূল্য: টাকা ২০০

(৩) “কর্মচারী” অর্থ এডহকভিডিক নিযুক্ত কোন কর্মচারী ;

(৪) “পদ” অর্থ রাজব বাহেটের বা খাতের কোন নন-ক্যাভার পদ ;

(৫) “কর্তৃপক্ষ” অর্থ সংশ্লিষ্ট পদের নির্যাগ-কারী কর্তৃপক্ষ ;

### ৩। বিদিমালার প্রাবান্য :

আপোতত: বলবৎ অন্য কোন বিধিতে যাহা কিছুই ধারুক না কেন, এই বিদিমালার বিধান প্রযোজ্য হইবে।

### ৪। নির্যাগিতকরণ পদ্ধতি:

(১) এডহকভিডিক নিযুক্ত কর্মচারীগণ নিয়ন্ত্রিত শর্ত সাপেক্ষে তাঁহাদের স্ব স্ব পদে নির্যাগিত হইবেন, যথা :—

(ক) এডহকভিডিক নিযুক্ত হওয়ার সময়ের সংশ্লিষ্ট পদের প্রচলিত নির্যাগিতি বা পদ্ধতি অনুসারে নিযুক্ত হইতে হইবে ;

(খ) এডহকভিডিক নিযুক্ত হইবার পর হইতে নির্যাগিত হওয়া পর্যন্ত চাকুরীর ধারাবাহিকতা থাকিতে হইবে ;

(গ) এডহকভিডিক নিযুক্ত ধাকা-কালীন সময়ের চাকুরী সঙ্গীয় জনক হইতে হইবে ; এবং

(ঘ) বিভাগীয় পদোন্নতি ও বাছাই কর্মটি কর্তৃক স্থাপারিশকৃত হইতে হইবে।

(২) উপ-বিবি (১) এর শর্ত পূরণ সাপেক্ষে কর্তৃপক্ষ কোন এডহকভিডিক কর্মচারীর চাকুরী নির্যাগিত করার আদেশ প্রদান করিবেন।

৫। জ্যোষ্ঠতা নির্ধারণ :

(১) এই বিবিমালার অধীন নিয়মিতকরণকৃত কোন কর্মচারীর জ্যোষ্ঠতা কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে। তাহার অনুরূপভাবে নিয়মিত পূর্বে নিয়মিতভাবে নিযুক্ত সর্বশেষ কর্মচারীর নিম্নোক্ত তাঁহার জ্যোষ্ঠতার অবস্থান হইবে।

(২) একই তারিখে একই পদে এডহক-ভিত্তিক নিযুক্ত কর্মচারীগণ উভয়ক্ষেত্রে নিরোগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কত্ত্ব প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের প্রেডিং (যদি থাকে) এর ভিত্তিতে এবং উভয়ক্ষেত্রে তালিকা বা প্রদত্ত নম্বরের প্রেডিং না থাকা বা না পাওয়ার ক্ষেত্রে, তাহাদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অঙ্গনের বৎসরের এবং উভ বৎসর একই হইলে, বরাসের ভিত্তিতে জ্যোষ্ঠতা পাইবেন।

(৩) একই তারিখে একই পদে এডহক-ভিত্তিক নিযুক্ত কর্মচারীসহ অন্য কোন কর্মচারী নিয়মিতভাবে নিযুক্ত হইলে উভ অন্য কর্মচারী এডহক ভিত্তিক নিযুক্ত কর্মচারী এবং নিয়মিতকরণকৃত কর্মচারীদের উপরে জ্যোষ্ঠতা পাইবেন।

৬। নিয়মিতকরণকৃত কর্মচারীর ক্যাডারভূক্তি : এই বিবিমালার অধীনে নিয়মিতকরণকৃত কোন কর্মচারী পরবর্তীকালে বাংলাদেশ সিডিল সার্ভিসের কোন ক্যাডারে অন্তর্ভুক্ত হইলে ক্যাডারভূক্তির তারিখ হইতে ক্যাডারে তাঁহার জ্যোষ্ঠতা গণনা করা হইবে এবং ক্যাডারের সর্বশেষ ব্যাচের শেষ কর্মকর্তার নিম্নোক্ত নিয়মিতকরণকৃত দের জ্যোষ্ঠতার অবস্থান হইবে।

৭। এডহক চাকুরী গণনা :

এই বিবিমালার অধীনে নিয়মিতকরণকৃত কোন কর্মচারীর এডহক চাকুরীকাল তাহার বেতন, ছুটি, পেনশন ইত্যাদি প্রাপ্যতার ক্ষেত্রে গণনা করা হইবে:

তবে শর্ত থাকে যে, বেতন সংরক্ষণের ফলে একই পদে চাকুরীর ক্ষেত্রে কোন কর্মকর্তার বেতন কনিষ্ঠ কোন কর্মকর্তার বেতনের চাইতে কম হইলে, বেতন সমতাকরণের দাবী প্রাপ্ত হইবে না।

৮। এডহক নিয়োগ বন্ধকরণ:

এই বিদিমালা জারীর তারিখ হইতে রাজ্য খাতের কোন পদে কখনও এডহক ভিত্তিক নিয়োগ করা যাইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
হাবিবুর রহমান  
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী ম্যাগালয়, ঢাকা কর্তৃক মন্ত্রিত।  
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফুলমস্ট ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।